## তথ্যভান্ডার যেসব পোর্টালে রাখার ব্যবস্থা করা যাবে:

- বাংলাদেশ ট্রেড পোর্টাল
- বাংলাদেশ কাস্টমস পোর্টাল
- বিভিন্ন সরকারি সংস্থার পোর্টাল
- বেজা
- বেপজা
- বিডা
- এফবিসিসিআই
- বিজিএমইএ
- বিকেএমইএ

## তথ্যভান্ডার হালনাগাদ করার প্রক্রিয়া:

প্রতি অর্থবছরে বাজেটের সময়ে এইচএস কোডের সম্ভাব্য পরিবর্তন এবং সময়ে সময়ে বিভিন্ন আইন বা বিধিতে ডকুমেন্টস ও শর্তাদির সংযোজন-বিয়োজনের সাথে সাথে এই তালিকা হালনাগাদ করার প্রয়োজন হবে।

## এই তথ্যভান্ডার যেভাবে কাজে লাগবে:

- যথাযথ রাজস্ব আহরণে সহায়ক হবে
- আইনি কমপ্লায়েন্স নিশ্চিতে সহায়তা করবে
- আন্তঃসীমান্ত বাণিজ্যে স্বচ্ছতা আনবে
- আমদানি-রপ্তানি পরিকল্পনাকালে বা বিল অব এন্ট্রি বা এক্সপোর্ট দাখিলের সময়ই পণ্যচালান খালাসের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস ও শর্তাদি সম্পর্কে অবগত থাকা ও প্রস্তুতি গ্রহণের সুযোগ পাওয়া যাবে
- তথ্য জানার অধিকার নিশ্চিত করবে
- বাংলাদেশে একটি কমপ্লায়েন্ট আন্তঃসীমান্ত বাণিজ্য পরিবেশ বিনির্মাণে সহায়ক হবে

## এই তথ্যভান্ডার থেকে যারা উপকৃত হবেন:

- দেশি-বিদেশি বিনিয়োগকারী
- আমদানি-রপ্তানিকারক
- সিএন্ডএফ এজেন্ট
- সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান
- উদ্যোক্তা
- ব্যাংক
- শিক্ষার্থী
- গবেষক
- আন্তঃসীমান্ত বাণিজ্য সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান

বিশাল এই কর্মযজ্ঞ সফলভাবে সমাপ্ত করতে বিটিএফ প্রকল্প বিভিন্ন সরকারি নিয়ন্ত্রক সংস্থাসহ সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি অংশীজনের আন্তরিক সমর্থন ও সক্রিয় সহযোগিতা কামনা করছে।


**Bangladesh Trade Facilitation Project**
Concord Bilkis Tower (3rd Floor), 40/6 Madani Avenue
Gulshan-2, Dhaka 1212, Bangladesh
Website: www.landolakesventure37.org
Email: mjparr@landolakes.com
khossen@landolakes.com




আমদানি-রপ্তানি পণ্যের

# এইচএস কোডভিত্তিক ডকুমেন্টস তথ্যভান্ডার

# আমদানি-রপ্তানি পণ্যের এইচএস কোডভিত্তিক তথ্যভান্ডার

যুক্তরাষ্ট্র সরকারের কৃষি বিভাগ (ইউএসডিএ)'র আর্থিক সহায়তায় বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন (বিটিএফ) প্রকল্প কৃষি ও খাদ্য পণ্যসহ আমদানি-রপ্তানি পণ্য খালাসে হারমোনাইজড সিস্টেম বা এইচএস কোডভিত্তিক প্রয়োজনীয় ডকুমেন্টস বা দলিলাদির পূর্ণাঙ্গ তালিকাসহ একটি তথ্যভান্ডার গড়ে তোলার কাজ করছে।

## পণ্যের নাম বা বর্ণনা দিয়ে এইচএস কোড বের করবেন যেভাবে:

- বাংলাদেশ ট্রেড পোর্টাল- www.bangladeshtradeportal.gov.bd ➡ Search Tariff Rate ➡ Search by HS Code or Description
- বাংলাদেশ কাস্টমস পোর্টাল- www.bangladeshcustoms.gov.bd ➡ Operative Tariff Menu ➡ Search by HS Code or Description

## তথ্যভান্ডার থেকে যেভাবে তথ্য পাওয়া যাবে:

আমদানি বা রপ্তানিকারকের পক্ষে সিএন্ডএফ এজেন্ট পণ্যচালান খালাসের জন্য 'অ্যাসাইকুডা' নামে পরিচিত কাস্টমস কম্পিউটার সিস্টেমে বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট দাখিলের সময় এইচএস কোডের ঘরে ক্লিক করলে একটি উইন্ডো পপআপ হবে।

এক্ষেত্রে চারটি আলাদা ক্লাস্টার বা গুচ্ছাকারে তথ্য দেখা যাবে:




- সাধারণ ডকুমেন্টস
- পণ্য সংশ্লিষ্ট ডকুমেন্টস
- রাজস্ব ও কাস্টমস সম্পর্কিত ডকুমেন্টস
- বন্ড সুবিধা সম্পর্কিত ডকুমেন্টস

## প্রতিটি ক্লাস্টারের বিপরীতে শুল্ক-কর হার এবং প্রযোজ্য শর্তাদি ছাড়াও মোট সাত ধরনের তথ্য অ্যাসাইকুডা এবং বিভিন্ন পোর্টালে (পিডিএফ, ওয়ার্ড ও এক্সেল ফরমেটসহ) পাওয়া যাবে যেমন:

- ডকুমেন্টস ও শর্তাদি
- ইস্যুকারী কর্তৃপক্ষ
- ইস্যুর পর্যায়
- ডকুমেন্টের মেয়াদ
- সংশ্লিষ্ট আইন
- সংশ্লিষ্ট ধারা/বিধি
- মন্তব্য

## প্রথম গুচ্ছে থাকবে সাধারণ ডকুমেন্টস এর তালিকা, যেমন:

- ✔ আইআরসি
- ✔ এলসিএ
- ✔ এলসি
- ✔ বিএল বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিট
- ✔ প্রফর্মা ইনভয়েস
- ✔ কমার্শিয়াল ইনভয়েস
- ✔ প্যাকিং লিস্ট
- ✔ ডিটেইলড প্যাকিং লিস্ট
- ✔ কান্ট্রি অব অরিজিন সার্টিফিকেট
- ✔ ইন্স্যুরেন্স কাভার নোট
- ✔ মূল্য ঘোষণা ফরম
- ✔ সিএন্ডএফ এজেন্ট অথরাইজেশন লেটার

## দ্বিতীয় গুচ্ছে দেখা যাবে প্রোডাক্ট স্পেসিফিক বা পণ্য সংশ্লিষ্ট ডকুমেন্টস এর তথ্য।

উদাহারনস্বরূপ, উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য আমদানির ক্ষেত্রে তথ্য নিম্নোক্তরূপে দেখা যাবে:

| Sl. | Check | Documents/Conditions | Issuing Authority | Issuing Stage | Validity | Legislation | Sec./Rule | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | ☑ | Import Permit (IP) | Plant Quarantine Wing (PQW) | Before opening LC | 4 months from issuing IP | PQ Act, 2011<br>PQ Rules, 2018 | Sec. 9(1), 10(1)<br>Rule 3(3)(Ka), Form-III | Conditions in IP to be complied |
| 2 | ☑ | Release Order (RO) | Plant Quarantine Wing (PQW) | After submitting B/E | --- | PQ Rules, 2018 | Rule 9(4), Form-X | Conditions in RO to be complied |
| 3 | ☑ | Phytosanitary Certificate (PC) | Origin Country | Before boarding the conveyance | As mentioned in PC | PQ Act, 2011 | Sec. 10(2) | Conditions in PC to be complied |
| 4 | ☑ | Valuation | as per Customs Valuation Rules, 2000 | | | | | |
| 5 | ☑ | Conditions | | | | | | |

## তৃতীয় গুচ্ছে থাকবে রাজস্ব এবং কাস্টমস সম্পর্কিত ডকুমেন্টস এর তথ্য, যেমন:

- কায়িক পরীক্ষণের জন্য নির্বাচিত হলে পরীক্ষণ রিপোর্ট
- কেমিক্যাল টেস্ট রিপোর্ট
- প্লান্ট মেশিনারি ইনস্টলেশন সার্টিফিকেট
- কোন পণ্যের বিপরীতে রেয়াতি হারে পণ্য খালাসের শর্তসহ ডকুমেন্টস এর তালিকা
- প্রযোজ্য ব্যাংক গ্যারান্টি/অঙ্গীকারনামা, প্রভৃতি

তৃতীয় গুচ্ছে আরও উল্লেখ থাকবে শুল্কায়ন ও পরীক্ষণ কর্মকর্তাদের জন্য বিভিন্ন নির্দেশনা, যা কেবল কাস্টমস কর্মকর্তাগণই দেখতে পাবেন, যেমন:

- কায়িক পরীক্ষণের সময় পণ্যসংশ্লিষ্ট বিশেষভাবে লক্ষ্যণীয় বিষয়
- শুল্কায়নে বর্ণনাভেদে সঠিক শ্রেণীবিন্যাসের টেকনিক্যাল নির্দেশনা
- মূল্য নির্ধারণ বা রাজস্ব আদায়ের টেকনিক্যাল নির্দেশনা, প্রভৃতি।

## চতুর্থ ও শেষ গুচ্ছে থাকবে বন্ড সুবিধার আওতায় আমদানি-কৃত পণ্যচালানের জন্য ডকুমেন্টস এর তালিকা, যেমন:

- বন্ড লাইসেন্স
- লাইসেন্স নবায়ন
- ইউডি
- ইউপি
- জেনারেল বন্ড
- প্রাপ্যতা তালিকা
- পাস বই
- প্রত্যয়ন পত্র

## ডকুমেন্ট দাখিল ও প্রাপ্তি নিশ্চিত করা:

ডকুমেন্টের নামের পূর্বে থাকা চেক বক্সটিতে টিক দিয়ে:

- ☑ সিএন্ডএফ এজেন্টগণ ডকুমেন্ট দাখিলের বিষয়টি নিশ্চিত করতে পারবেন
- ☑ কাস্টমস কর্মকর্তাগণ সকল কমপ্লায়েন্স বা প্রয়োজনীয় ডকুমেন্ট প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে পারবেন



## ডকুমেন্ট ভিউ করার প্রক্রিয়া:




- ডকুমেন্ট সংশ্লিষ্ট আইনে ক্লিক করে আইনটি ভিউ করার ব্যবস্থা করা যাবে
- বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো অপারেশন চালু হলে ডকুমেন্টটি ভিউ করার ব্যবস্থাও করা যাবে
- ভবিষ্যতে ডকুমেন্টে ক্লিক করে তা আবেদনের প্রক্রিয়া, ইস্যুর ধাপ, ফি, প্রভৃতি জানার ব্যবস্থা করা যাবে

## যেভাবে চূড়ান্ত হবে তথ্যভান্ডার:

বাংলাদেশ কাস্টমস ট্যারিফ বা বিসিটি'র চ্যাপ্টার ০১ থেকে ৯৭ পর্যন্ত সকল পণ্যের আমদানি-রপ্তানি তথ্যভান্ডার সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি অংশীজনদের সাথে আলোচনা করে তাদের মতামত নিয়ে চূড়ান্ত করা হবে।